

# সংবাদ

## শাবিপ্রবিতে আবাসিক সঙ্কট তীব্র ॥ ছাত্রী হলে নানা সমস্যা

শাবিপ্রবি থেকে জন সিসিল মন্ডল : শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)-এর বয়স বাড়ার সঙ্গে সঙ্গে ছাত্রছাত্রীদের আবাসিক সমস্যা প্রকট আকার ধারণ করেছে।

এখানে হল রয়েছে মাত্র ২টি। ছাত্রদের জন্য শাহপরান হল এবং ছাত্রীদের জন্য সিডিকেট প্রস্তাবিত শহীদ জননী জাহানারা ইমাম হল। তবে এর অবস্থা অত্যন্ত খারাপ। আবাসিক ছাত্রীদের দুর্ভোগের শেষ নেই।

কর্তৃপক্ষ ছাত্রীদের এ হল ছাড়াও নিজস্ব তত্ত্বাবধানে ক্যাম্পাসের বাইরে দুটি বাড়ি ভাড়া করেছে। এগুলোতে থাকে মাত্র ৮০ জন ছাত্রী। সেখানকার আবাসিক ছাত্রীদের অভিযোগ, কক্ষগুলো ৪ জন থাকার উপযোগী নয়। অভিভাবক এবং অন্যান্য আত্মীয়-স্বজনের সঙ্গে দেখা করা নিয়েও রয়েছে তাদের অনেক অভিযোগ। সন্ধ্যার পর হলে প্রবেশ করতে ছাত্রীদের দুর্ভোগ পোহাতে হয়। ছাত্রীরা জানায়, হলে ৭টার মধ্যে প্রবেশ করার নিয়ম; কিন্তু কখনও কখনও বাইশে কেনাকাটা বা লাইব্রেরি ওয়ার্ক করতে গিয়ে খানিকটা দেরি হয়ে গেলে প্রবেশ করতে ঝামেলা পোহাতে হয়। এছাড়াও খাওয়া-দাওয়ার মান এবং পরিবহন ব্যবস্থা নিয়েও এখানকার ছাত্রীরা অসন্তোষ প্রকাশ করেছে।

ক্যাম্পাসের ছাত্রী হলের অবস্থা আরও খারাপ। প্রায় সাড়ে ৪শ শয্যার আবাসিক হলটিতে নেই লেখাপড়া ও থাকার উপযুক্ত পরিবেশ। এক কক্ষে ৪ জন থাকার নিয়ম থাকলেও থাকতে হয় ৮ জন করে। কমনরুমে ফ্লোরিং করে থাকে অনেকেই। হলের চারপাশ ভরে গেছে আগাছা ও ঝোপঝাড়। ডাইনিং ও ক্যান্টিনের অবস্থা আরও শোচনীয়। অথচ সেদিকে কর্তৃপক্ষের কোন দৃষ্টি নেই। খাবারের মান খারাপ থাকায় অনেক ছাত্রী রান্না করে খায়। রমজানে প্রায়ই সেহরি না খেয়ে রোজা রাখতে হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। আবার সারাদিন রোজা থেকে ইফতারি পেতেও নানা ঝামেলা পোহাতে হয়েছে।

পাশাপাশি বিবাজ করছে পানির সমস্যা। অনেকদিন ধরে পানির ট্যাক্সি পরিষ্কার না করায় তাতে জন্ম নিয়েছে শোকা-মাকড় ও জীবাণু। ফলে অনেকেই বাইরের পানি কিনে খায়। ছাত্রীদের বিনোদনের জন্য একটি টিভি রুম ও দুটি কম্পিউটার থাকলেও সাড়ে ৪শ ছাত্রীর জন্য তা নিতান্তই অপ্রতুল। আবার কম্পিউটার দুটি প্রায়ই অকেজো হয়ে পড়ে থাকে। রিডিং রুমে চেয়ার-টেবিলের সংখ্যা কম। কর্তৃপক্ষকে এ ব্যাপারে অনেকবার অবহিত করা হলেও লাভ হয়নি কোন।